

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 02.05.2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Piyush Goyal- India-UAE CEPA :**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল বলেছেন, চার বছর আগে কার্যকর হওয়া ভারত-সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে ব্যাপক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (সিইপিএ) ভারতীয় কৃষক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এমএসএমই) এবং অন্যান্য ব্যবসার জন্য একটি যুগান্তকারী সুযোগ তৈরি করেছে। সামাজিক মাধ্যমে গতকাল শ্রী গোয়েল উল্লেখ করেছেন, ভারত ও সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে দ্বিপাক্ষিক পণ্য বাণিজ্য ১০০ বিলিয়ন ডলার অতিক্রম করে শক্তিশালীভাবে বৃদ্ধি পেয়েছে এবং পরিষেবা বাণিজ্যও দ্রুমাগত বৃদ্ধি পেয়ে নতুন বাজার ও বৃহত্তর মূল্য উন্মোচন করছে।

\*\*\*\*\*

**RBI:**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে, প্রচলিত ২,০০০ টাকার নোট প্রত্যাহারের ঘোষণা দেওয়ার প্রায় তিন বছর পর, বর্তমানে প্রচলিত নোটগুলির ৯৮.৪৭ শতাংশ ফেরত এসেছে। কেন্দ্রীয় ব্যাঙ্ক তার মুদ্রা ব্যবস্থাপনা কর্মসূচির অংশ হিসাবে ২০২৩-এর ১৯শে মে ২,০০০ টাকার নোট প্রত্যাহারের ঘোষণা করেছিল। সেই সময়ে, প্রচলিত এই ধরনের নোটের মোট মূল্য ছিল ৩ লক্ষ ৫৬ হাজার কোটি টাকা। সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৬ এর ৩০শে এপ্রিল পর্যন্ত এই সংখ্যাটি ব্যাপকভাবে কমে ৫,৪৫১ কোটি টাকায় হয়েছে। প্রত্যাহারের ঘোষণার পর থেকে রিজার্ভ ব্যাংক-এর ১৯টি কার্যালয়ে ২,০০০ টাকার নোট বিনিময়ের

সুবিধা চালু রয়েছে। আরবিআই আরও স্পষ্ট করেছে যে, প্রত্যাহার এবং ফেরত আসা সত্ত্বেও, ২,০০০ টাকার নোট আইনসম্মত মুদ্রা হিসাবেই থাকবে।

\*\*\*\*\*

## **GST:**

গত এপ্রিল মাসে পণ্য ও পরিষেবা কর (জিএসটি)-এর মোট সংগ্রহ সর্বকালের সর্বোচ্চ রেকর্ড ছুঁয়েছে, যা গত বছরের এপ্রিল মাসের তুলনায় ৮.৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মোট জিএসটি সংগ্রহের পরিমাণ দুই লক্ষ ৪২ হাজার কোটি টাকার বেশি রেকর্ড করা হয়েছে, যা গত বছর একই মাসে ছিল দুই লক্ষ ২৩ হাজার কোটি টাকার বেশি।

\*\*\*\*\*

## **HM Amit Shah in Leh:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ লেহ-র জীবনসালে তথাগত বুদ্ধের পবিত্র নিদর্শন প্রদর্শনীর গতকাল উদ্বোধন করেছেন। এই অনুষ্ঠানে লাদাখের উপরাজ্যপাল ভি.কে. সাক্সেনা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবসহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এই উপলক্ষে শ্রী শাহ বলেন, লাদাখের মাটি থেকে উদ্ভূত বার্তা বিশ্বজুড়ে বহু সাধকের জীবনে অগ্রগতির কারণ হয়ে উঠেছে।

## **Byte..... #####**

উল্লেখ্য,লাদাখে আয়োজিত তথাগত বুদ্ধের পবিত্র নিদর্শনের এই প্রদর্শনীটি চলতি মাসের ১৪ তারিখ পর্যন্ত চলবে।

\*\*\*\*\*

## **Vishvajit Sahay -new Secretary (Defence Finance):**

ভারতীয় প্রতিরক্ষা হিসাব পরিষেবা বা ইন্ডিয়ান ডিফেন্স অ্যাকাউন্টস সার্ভিসের ১৯৯০ ব্যাচের আধিকারিক বিশ্বজিৎ সহায় প্রতিরক্ষা মন্ত্রকের প্রতিরক্ষা ক্ষেত্রের

অর্থসংক্রান্ত সচিব হিসেবে গতকাল দায়িত্ব গ্রহণ করেছেন। এই নিয়োগের আগে তিনি কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্টস হিসেবে কর্মরত ছিলেন।

\*\*\*\*\*

### **Dharmanagar- BNSS :**

আগামী চৌঠা মে পিএম-শ্রী ধর্মনগর সরকারি বালিকা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে সকাল ৮টা থেকে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোটগণনা করা হবে। গণনাপর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী গণনাকেন্দ্রের ১০০ মিটার এলাকার মধ্যে কিছু বিধি নিষেধ আরোপ করেছেন। এই আদেশ চৌঠা মে সকাল ৬টা থেকে কার্যকর হবে এবং গণনার কাজ শেষ না হওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

\*\*\*\*\*

### **Online Gaming:**

অনলাইন অর্থভিত্তিক গেমিংয়ের ঝুঁকি রুখতে এবং ই-স্পোর্টস ও সামাজিক গেমিং-এর ক্ষেত্রে স্বচ্ছতা আনতে কেন্দ্রীয় সরকার নতুন বিধি জারি করেছে। ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক গতকাল জানিয়েছে, প্রমোশন অ্যান্ড রেগুলেশন অব অনলাইন গেমিং আইন, ২০২৫-এর আওতায় প্রণীত অনলাইন গেমিংয়ের প্রসার ও নিয়ন্ত্রণ বিধি, ২০২৬ গতকাল থেকে কার্যকর হয়েছে। সরকারের মতে, এই উদ্যোগ ভারতের গেমিং শিল্পকে শক্তিশালী করার পাশাপাশি ব্যবহারকারীদের সুরক্ষা নিশ্চিত করবে। নতুন বিধি অনুযায়ী, অনলাইন গেম অর্থভিত্তিক কি না, তা নির্ধারণের জন্য একটি স্বচ্ছ ও সময়বদ্ধ প্রক্রিয়া চালু করা হয়েছে। এই উদ্দেশ্যে গঠন করা হয়েছে অনলাইন গেমিং

অথরিটি অব ইন্ডিয়া, যা অনলাইন মানি গেমের তালিকা প্রকাশ, অভিযোগের তদন্ত এবং প্রয়োজনীয় নির্দেশ জারি করবে।

\*\*\*\*\*

### **BSF:**

দেশের সেবায় আত্মোৎসর্গকারী এক বীর সেনানীর স্মৃতির উদ্দেশ্যে আগরতলায় শালবাগানে বিএসএফ ফ্রন্টিয়ার সদর দপ্তরে 'শিশির বাটিকা'র উদ্বোধন করা হয়। বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের ইন্সপেক্টর জেনারেল অলোক কুমার চক্রবর্তী সম্প্রতি 'শিশির বাটিকা'-র উদ্বোধন করেন। ১৯৯৯ সালে জন্মু ও কাশ্মীরের বান্দিপোয়ায় শিশির কুমার চক্রবর্তী দেশের সুরক্ষায় নিজের জীবন উৎসর্গ করেন। তাঁর সাহস, কর্তব্যনিষ্ঠা এবং দেশের প্রতি অটল দায়বদ্ধতাকে সম্মান জানাতেই এই উদ্যোগ।

\*\*\*\*\*

### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ১৮ দশমিক ৮ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*